

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৩৬

আগরতলা, ২৪ ডিসেম্বর, ২০২৩

আপনজন ক্লাব আয়োজিত পঞ্চম শিশু উৎসব
শিশুদের প্রতিভা বিকাশে ক্লাব ও সামাজিক সংস্থাগুলি
এগিয়ে এলে সমাজ উপকৃত হবে : মুখ্যমন্ত্রী

শিশুরা হচ্ছে দেশের ভবিষ্যৎ। প্রত্যেক শিশুর মধ্যেই রয়েছে সুপ্ত প্রতিভা। শিশুদের প্রতিভা বিকাশে ক্লাব ও সামাজিক সংস্থাগুলি এগিয়ে এলে সমাজ উপকৃত হবে। আজ ভট্টপুকুরস্থিত আপনজন ক্লাব আয়োজিত পঞ্চম শিশু উৎসব ও রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, শিশুদের সুনামগরিক হিসেবে গড়ে তুলতে ক্লাব এলাকায় একটা সুষ্ঠু পরিবেশ তৈরি করতে হবে। এই কাজে মহিলাদের যুক্ত করতে পারলে পাড়ায় একটা সুন্দর পরিবেশ গড়ে উঠবে। তিনি বলেন, শিশুদের প্রতিভা বিকাশে দেশের পরম্পরাগত সংস্কৃতি চর্চায় গুরুত্ব দিতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, আমাদের রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্য সারা দেশে সমাদৃত। শচীন দেববর্মণ ও রাহুল দেববর্মণ আমাদের গর্ব। রাজ্য সরকার রাজ্যের ঐতিহ্যময় সংস্কৃতির বিকাশে আন্তরিক। রাজ্যের ১৯টি জনজাতি সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। রাজ্যের ছোট ছোট ছেলেমেয়েরা সংস্কৃতি ক্ষেত্রে তাদের প্রতিভার স্বাক্ষর রাখছে। রক্তদান প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদান মহৎ দান। রক্তদানের মধ্য দিয়ে মানুষের মধ্যে একটা সম্পর্ক গড়ে উঠে। প্রসঙ্গক্রমে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণ ও স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে অগ্রাধিকার দিয়েছে। রাজ্যে একটা মেডিক্যাল হাব গড়ার প্রয়াস নেওয়া হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় স্বচ্ছতার সাথে দেশের কল্যাণে কাজ করছেন। রাজ্য সরকারও প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্যের মানুষের কল্যাণে কাজ করছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আপনজন ক্লাবের সভাপতি ডা. সঞ্জয় রায়। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, নিগমের দক্ষিণ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, সমাজসেবী সঞ্জয় সাহা প্রমুখ। অনুষ্ঠানে শিল্পী নীলাঞ্জনা চক্রবর্তীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। রক্তদান শিবিরে ১১ জন রক্তদান করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন ক্লাবের সাধারণ সম্পাদক দীপক পাল। ৮দিনব্যাপী এই শিশু উৎসব আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত চলবে।
